



আইআইইউসির মাস্টার্স ওরিয়েন্টেশনে বক্তব্য রাখছেন প্রফেসর আলী আজাদী
আইআইইউসির ওরিয়েন্টেশনে প্রফেসর আলী আজাদী

ইংরেজি ভাষা আয়ত্ত না করলে পরিপূর্ণ জ্ঞানার্জন সম্ভব নয়

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আলী আজাদী বলেছেন, বিশ্বায়নের এ যুগে ইংরেজি ভাষা আয়ত্ত না করলে পরিপূর্ণ জ্ঞানার্জন করা সম্ভব নয়। ইংরেজি ভাষার জ্ঞান পেশাগত ও ব্যক্তিগত উন্নতি নিশ্চিত করে। উচ্চ শিক্ষার্জনের জন্য ইংরেজি জ্ঞানার্জনের কোন বিকল্প নেই।

তিনি গতকাল নগরীর একটি হোটেলে আইআইইউসির ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ (ইএলএল) আয়োজিত বসন্তকালীন সেমিস্টার, ২০১৯-এর মাস্টার্স (প্রিলিমিনারী ও ফাইনাল)-এর নবাগত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ অভিমত ব্যক্ত করেন। ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান ড. শাহ মোহাম্মদ সানাউল করিমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আয়োজনে বিশেষ অতিথি ছিলেন আইআইইউসি ট্রাস্টের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ এবং কলা ও মানবিক অনুষদের ডীন ড. মোহাম্মদ রিয়াজ মাহমুদ। স্বাগত বক্তব্য রাখেন ইএলএল বিভাগের মাস্টার্স প্রোগ্রামের সমন্বয়কারী ও সহকারী অধ্যাপক মো. ইউসুফ উদ্দিন খালেদ চৌধুরী। নবাগত ছাত্র-ছাত্রীদের পক্ষে বক্তব্য রাখেন জুনায়েদুল বারী ও রেজাউল করিম। অনুষ্ঠান পরিচালনা করেন ইএলএল বিভাগের সহযোগী অধ্যাপক মো. আজিজুল হক। প্রধান অতিথি আরো বলেন, যোগাযোগের জন্য সর্বজনগ্রাহ্য ভাষা হচ্ছে ইংরেজি। শিক্ষা জীবনকে এমনভাবে সাজাতে হবে যাতে অর্জিত জ্ঞান মানবকল্যাণে নিবেদিত হয়। জীবনকে সার্থক করে তোলার জন্য জ্ঞানার্জনের গুরুত্ব অপরিসীম। জ্ঞানার্জনের লক্ষ্যে ইংরেজি ভাষাকে গুরুত্বের সাথে চর্চা করা প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, ইংরেজি সর্বাধিক এবং বহুল ব্যবহৃত ভাষা, সামাজিক যোগাযোগ মাধ্যমের ভাষা, বিজ্ঞানের ভাষা, গবেষণার ভাষা। প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ বলেন, অনেক স্বপ্ন ও শ্রমের ফসল এই বিশ্ববিদ্যালয়। আমরা এমন একটি বিশ্ববিদ্যালয় গড়ে তুলেছি যে বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষার্থীরা লেখাপড়া শেষ করে শিক্ষায়, সততায়, নৈতিকতায় সমানভাবে গ্রহণযোগ্য ও প্রশংসিত হবে। নাগরিক হিসাবে মর্যাদাপূর্ণ হবে। তিনি বলেন, দেশে সৎ লোকের অভাব, নীতি-নৈতিকতা বিসর্জন দেয়ার প্রতিযোগিতা চলছে। জ্ঞান ও নৈতিকতার সমন্বয়ে কাজ করলে দেশকে অনেক দূর এগিয়ে নেয়া যাবে এবং প্রধানমন্ত্রীর ঘোষিত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন সম্ভব হবে। ড. মোহাম্মদ রিয়াজ মাহমুদ বলেন, ইংরেজি ছাড়া উচ্চশিক্ষা, উচ্চতর ডিগ্রি পাওয়া সম্ভব নয়। তিনি বলেন, আইআইইউসির অন্যান্য বিভাগের মত ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগও অত্যন্ত সমৃদ্ধ। এখানে শিক্ষার্থী ও শিক্ষকের মধ্যে জ্ঞানের বিনিময়ের আবাধ পরিবেশ রয়েছে। প্রেস বিজ্ঞপ্তি।